গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়াকৈর,গাজীপুর
www.kallakair.gazipur.gov.bd

নং- ০৫.৪১.৩৩৩২.০০০.০৫.০০৫.২৪- ৯৪৮(৫৫)

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪খ্রিস্টাব্দ

বাংলা ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দের জন্য সরকারি খাসপুকুর/বদ্ধ জলমহাল (২০ একর পর্যন্ত) ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ মৎস্যজীবী সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবী যদি থাকে) সংগঠন সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ ও ২০১২ (সংশোধিত) এবং সরকারি জলমহাল ইজারা সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের, সায়রাত-১ শাখার ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৬৯৪ নং স্মারকের জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলার ২০(বিশ) একর পর্যন্ত নিম্নোক্ত জলমহাল/খাসপুকুরসমূহ ১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত www.jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে।

জলমহাল ইজারা কার্যক্রমে অংশগ্রহণের জন্য জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের নিম্নোক্ত তারিখ অনুযায়ী www.jm.lams.gov.bd ওয়েবসাইটে(লিংকে) প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করত: অনলাইনে আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (যাবতীয় কাগজাদিসহ) সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর-এ অফিস চলাকালীন দাখিল করতে হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/নোটিশ বোর্ড/ www. kallakair. gazipur.gov.bd ওয়েবসাইট এবং উপজেলা ভূমি অফিস, কালিয়াকৈর, গাজীপুর হতে অফিস চলাকালীন জানা যাবে।

আবেদনপত্র প্রাপ্তি, জমাদান ইত্যাদি সংক্রান্ত তথ্য

ক্র.নং	বিষয়	তারিখ	গৃহীত কার্যক্রম
১.	অনলাইনে আবেদন	০১ মাঘ থেকে ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ (১৫/০১/২০২৫ থেকে ২৮/০১/২০২৫ খ্রি. পর্যন্ত)	www.jm.lams.gov.bd ওয়েবসাইটে(লিংকে) প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে আগ্রহী সমিতি কর্তৃক অনলাইনে আবেদন দাখিল
২.	উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর এর কার্যালয়ে আবেদন দাখিল	১৫ মাঘ-১৪৩১ বঙ্গাব্দ থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের ২৮/০১/২০২৫ খ্রি.তারিখ হতে ০২/০২/২০২৫খ্রি.তারিখের মধ্যে (অফিস চলাকালীন)	আগ্রহী সমিতি কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানতের মূলকপি ও আবেদন ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার পে অর্ডার/ ব্যাংক ড্রাফট এর মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর এ দাখিল করতে হবে।
৩.	যাচাই বাছাই	২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ ০৬/০২/২০২৫ খ্রি.	অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং আবেদনকারী কর্তৃক দাখিলকৃত প্রিন্টেড কপিসহ অন্যান্য কাগজপত্র (যদি থাকে) যাচাই বাছাই

১৪৩২-১৪৩৪ বঙ্গাব্দ মেয়াদে ইজারাযোগ্য খাসপুকুর/জলমহালসমূহের তালিকা :

ক্র. নং	খাসপুকুরের অবস্থান পৌরসভা/ইউনিয়ন	মৌজার নাম	পুকুরের স্থানীয় নাম	দাগ নং		জমির পরিমাণ	সরকারি সম্ভাব্য মূল্য
				এস.এ	আর.এস		
১.	মৌচাক	মাঝুখান	চাটার খাসপুকুর-১	৫৭৯	১১১৪	১.৮৯একর	৭৮,৭৫০/-
২.	"	কৌচাকুড়ি	যোগীচালা খাসপুকুর	১৩৮৫	২৫২২	০.৫৮ একর	২,৭৪১/-
৩.	"	কৌচাকুড়ি	কলাবাধা খাসপুকুর	১২৭৩,১২৭৪	২১৭৭,২১৭৮	৩.১৬ একর	১৪,৯৩১/-
৪.	"	কৌচাকুড়ি	কোচপাড়া খাসপুকুর	১২৩৭,১২৩৮	২১০৩,২১০৪	০.৬৬ একর	২৩,১০০/-
৫.	"	কৌচাকুড়ি	চন্দন খাসপুকুর	৮৮০,৮৯০	১৪৩৪,১৪৩৫	১.০৬ একর	১৫,৭৫০/-
৬.	"	কৌচাকুড়ি	মাজার খাসপুকুর	১৭৭০,১৭৭১	৩২০৬,৩২০৭	০.৯১ একর	১৫,৭৫০/-
৭.	"	ভান্নারা	ভান্নারা পশ্চিমপাড়া খাসপুকুর	১৮০,১৮১	৮৪১,৮৪২	০.৮৯ একর	২৬,২৫০/-
৮.	"	ভান্নারা	ল্যান্ডমার্ক খাসপুকুর	১৪০,১৪১	৯৩০,৯৩১	১.০৪ একর	৪৮,৩০০/-
৯.	"	ভান্নারা	ভান্নারা পূর্বপাড়া খাসপুকুর-১	১১২,১১৩	৬০৩,৬০৪	১.৪৩ একর	৪৪,৬২৫/-
১০.	"	ভান্নারা	কবরস্থান পুকুর	২১৩	৩৬১	০.৭১একর	৬৩,১৬০/-
১১.	"	মাঝুখান	ধর্মখার খাসপুকুর	২১৮	২১০,২১১	১.৯৬ একর	৩১,৫০০/-
১২.	"	মাঝুখান	বন কবরস্থান পুকুর	৪২৬	৫৬৫	১.৪৫একর	৬৩,০০০/-
১৩.	"	ভান্নারা	কাঠুরিয়াচালা উত্তরপাড়া খাসপুকুর	৩২৭,৫৬৪,৫৬৫	৯৪২,৭৬৪	২.৪০ একর	১,১১,৩০০/-
১৪.	"	মাঝুখান	কালভার্ট পুকুর	৫৪০	১২৩০	০.৭৯ একর	৩৬,৭৫০/-
১৫.	"	ভান্নারা	গুচ্ছগ্রাম খাসপুকুর	৫৯৫	১২৫৪	০.৭০ একর	১১,১৫৬/-
১৬.	"	ভান্নারা	ভান্নারা খাসপুকুর(রেল লাইন সংলগ্ন)	৫৬৪,৫৬৫	১১৮৭,১১৮৯	০.৬৪	৫৩,৫৫০/-
১৭.	"	ভান্নারা	ভান্নারা পূর্বপাড়া খাসপুকুর-২	১১৭,১১৮	৬৪৯,৬৫০	২.২৮ একর	৫২,৭৬২/-
১৮.	"	কৌচাকুড়ি	কামরাজারচালা খাসপুকুর	১৮৩৭,১৮৩৮	৩৯০৩,৩৯০৪	০.৩১ একর	১৬১২/-
১৯.	ফুলবাড়ীয়া ইউনিয়ন	খলিশাজানি	খলিশাজানি খাসপুকুর	৫৯৯,২০২৪	২০৪৫	০.২৫ একর	৫৪,৬০০/-
২০	"	খলিশাজানি	রামচন্দ্রপুর খাসপুকুর	১৩৯২	৩৬৫৮	০.৫৩ একর	৫৩,৭৬০/-
২১	"	মোথাজুড়ি	মোথাজুড়ি খাসপুকুর	১১৩১,১১৩৪	৬৪৬৯	১.৮৯ একর	২১,৫২৫/-
২২	"	উত্তর শিমুলিয়া	জানপাড়া খাসপুকুর	৭৯৬	১৬৮৫	০.৮৫ একর	৪০,০১৭/-
২৩	বোয়ালী ইউনিয়ন	সোনাতলা	কাথাচুড়া খাসপুকুর	১২০	৩৪৭	০.৯৬ একর	৫,৫২৭/-
২৪	"	সোনাতলা	দরগাচালা কাসপুকুর	৫৫৩	৫৮৬	১.১৫ একর	৫৮,৮০০/-
২৫	"	মধ্যচক	শ্রীপুর খাসপকুর	৭২৭,৭২৮	১৫৮৩	০.৭২একর	১৪,১৭৫/-
২৬	মধ্যপাড়া ইউনিয়ন	মধ্যচক	মধ্যপাড়া মধ্যচক খাসপুকুর	১৭১০	৩৯৪৭	১.৫৬ একর	১০,৫০০/-
২৭	"	উত্তর লস্করচালা	হাটুরিয়াচালা খাসপুকুর	৭৯/৭৮১	২২৩	০.৫০ একর	৫,৩০০/-

Scanned with CamScanner

২৮	"	মধ্যপাড়া	দোয়ানীচালা খাসপুকুর	৮১৮	২০৫০	১.৬৭একর	১,৩২,৩০০/-
২৯	"	মধ্যপাড়া	মধ্যপাড়া ফকিরচালা খাসপুকর	৭৭১	১৫৩২,১৫৩৩	১.০৫ একর	৫,৬৩১/-
৩০	"	কুয়ারচালা	কুয়ারচালা খাসপুকুর	১৩৮,১৪১	৩৮৩,৩৮৪,৩৮৫	১.৬২ একর	৫,৪১,২৭৫/-
৩১		ঠাকুরপাড়া	ঠাকুরপাড়া বড়পুকুর	১২৮৯	১১৪৯	৪.৭১ একর	৫,২৫,০০০/-
৩২	"	উত্তর লস্করচালা	ছোট বাগানবাড়ী খাসপুকুর	৯০	২০৫	০.৩০ একর	১,৪১৮/-
৩৩	"	উত্তর লস্করচালা	কামারচালা খাসপুকুর	২১৮	৮৮৫	০.২৯ একর	১,০৭০/-

শর্তাবলী ও নিয়মাবলি

১. অনলাইনে আবেদন সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত সমবায় সমিতির সভাপতি/মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা www.jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মুলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর এ দাখিল করতে হবে

২. জলমহাল ইজারা বিজ্ঞপ্তিটি www.kaliakair.gazipur.gov.bd ওয়েব সাইটেও পাওয়া যাবে

৩. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ৩(তিন) কার্যদবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য উদ্ধৃত দরের ২০% (শতকরা বিশ) টাকা জামানত হিসেবে ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য সোনালী ব্যাংক/তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর বরাবর ব্যাংক ড্রাপ্ট/পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদান করে মুলকপি অনলাইনে ইজারা আবেদনের প্রিন্টেড কপির সাথে সংযুক্ত করে মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর গাজীপুর এর কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে " জলমহাল ইজারা প্রাপ্তির আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে

৪. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে

৫. প্রস্তাবিত ইজারা মুল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে

৬. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল না করে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদন দাখিল করিলে সরাসরি বাতিল বলে গণ্য হবে

৭. সম্পুর্ণ ইজারা মুল্য পরিশোধের পর ইজারা গ্রহিতার নিজ দায়িত্বে ও নিজ ব্যয়ে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদনের সময় ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারা গ্রহীতা সমিতির গাফিলতির কারণে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে এ জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না

৮. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না

৯. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরুপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা(যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নসহ আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সাথে ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না

১০. কোন মৎস্যজীবী সমিতি পাওয়া না গেলে সমাজভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিস্ট পুকুর/জলমহাহের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত ক) বেকার যুবক, খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান, গ) যুব মহিলা, ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা, ঙ) আনসার ও ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য, চ) দরিদ্র অস্বচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে এতদ উদ্দেশ্যে গঠিত সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে

১১. অসম্পুর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/ঘষামাজা/কাটাকাটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না

১২. ইজারা দেয়া কোন পুকুর ভুলক্রমে এ বিজ্ঞপ্তির তালিকায় অর্ন্তভুক্ত হয়ে থাকলে এ বিজ্ঞপ্তি সে ক্ষেত্রে প্রযোজ্য হবে না

১৩. বৎসরের যে কোন সময় ইজারা প্রদান করা হোকনা কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪৩৪ বাংলা সন হতে কার্যকর হবে

১৪. এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা আরোপিত হয়ে থাকলে এ বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না। তবে জলমহাল নিয়ে মামলা আছে কিন্তু আদালতের স্থিতাবস্থার আদেশ/নিষেধাজ্ঞা নেই এরুপ ক্ষেত্রে ইজারা প্রদান করা হবে

১৫. লীজ গ্রহীতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। জলমহালে কেউ যেন বে- আইনীভাবে দখল অথবা অনুপ্রবেশ করতে না পারে ইজারাদার তা নিশ্চিত করবেন

১৬. কর্তৃপক্ষ কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে সরকার প্রদত্ত আদেশ ও সর্বশেষ নীতিমালার আলোকে দরপত্র বিজ্ঞপ্তির যে কোন অংশ অথবা সম্পুর্ণ দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালিয়াকৈর,গাজীপুর।
unokaliakair.mopa@.gov.bd

নং- ০৫.৪১.৩৩৩২.০০০.০৫.০০২.২৪-

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

০১। জেলা প্রশাসক, গাজীপুর
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর
০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর
০৪। প্রশাসক, কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৫। সহকারী কমিশনার (ভূমি),কালিয়াকৈর,গাজীপুর (ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা কর্তৃক বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে মাইক/ঢোলসহরত এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০৬। অফিসার-ইনচার্জ, কালিয়াকৈর থানা, গাজীপুর
০৭। উপজেলা ....অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
০৮। উপজেলা---অফিসার ও সদস্য সচিব/ সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কালিয়াকৈর, গাজীপুর
০৯। উপজেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য উপজেলার ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান,ফুলবাড়ীয়া/চাপাইর/বোয়ালী/মৌচাক/শ্রীফলতলী/সুত্রাপুর/ঢালজোড়া/আটাবহ/মধ্যপাড়াইউনিয়নপরিষদ, কালিয়াকৈর, গাজীপুর (বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

Scanned with CamScanner

ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সফিপুর/শাহাবাজপুর/কভেপুর/মোথাজুড়ি/শ্রীফলতলী ইউনিয়ন ভূমি অফিস, কালিয়াকৈর, গাজীপুর (জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট পুকুর/জনবহুল স্থানে ঢোলসহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ এস,আর ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো

১২। সভাপতি/সম্পাদক, --কালিয়াকৈর, গাজীপুর

১৩। জনাব-- কালিয়াকৈর, গাজীপুর

১৪। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালিয়াকৈর, গাজীপুর

১৫। অফিস কপি।

০১/১২/২০২৪

(দিল আফরোজ)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কালিয়াকৈর, গাজীপুর।
ফোন- ০২৯৯৬৬১৩৫৫৫৬

Scanned with CamScanner